



# পশ্চিমবঙ্গ উচ্চ মাধ্যমিক শিক্ষা সংসদ

বিদ্যাসাগর ভবন

৯/২, ব্লক-ডি জে, সেক্টর-২, সল্টলেক সিটি,

কলকাতা-৭০০ ০৯১

নং- L/PR/147/2019

তারিখঃ 31/10/2019

## বিজ্ঞপ্তি

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের উদ্যোগে Online এ উচ্চমাধ্যমিক সহ অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার বিজ্ঞান ভিত্তিক বিষয় গুলির প্রস্তুতি

### INTER FACE LEARNING SESSION - TECHNIQUE AND METHOD

উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের উদ্যোগে ইতিমধ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষাসহ অন্যান্য প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য সহায়ক পুস্তক হিসাবে বিজ্ঞানের ৪টি বিষয় (Physics, Chemistry, Mathematics, Biology) এর উপর Concepts With Sample Question with Solutions for Higher Secondary & Competitive Entrance Examinations শীর্ষক পুস্তক প্রকাশিত হয়েছে, এছাড়াও উচ্চমাধ্যমিকের প্রস্তুতির জন্য বিজ্ঞান বিষয়ের ৪টি বিষয়ের উপর Mock Test Paper, কলা বিভাগের ৮টি বিষয় ও বাণিজ্য শাখার ৪টি বিষয় এবং ইংরেজি বিষয়ের উপর Model Question with Answer Key শীর্ষক বইগুলিও সংসদের উদ্যোগে প্রকাশিত হয়েছে এবং ছাত্র-ছাত্রী মহলে দারুনভাবে সমাদৃত হয়েছে। এখনও বইগুলি পাওয়া যাচ্ছে। এই সাফল্যে উদ্বুদ্ধ হয়ে সংসদ Online এর প্রক্রিয়া চালু করতে উদ্যোগী হচ্ছে।


সংসদ এবারে রাজ্যের ছাত্র ছাত্রীদের জন্য আসন্ন উচ্চমাধ্যমিক সহ অন্যান্য উচ্চতর প্রতিযোগিতামূলক প্রবেশিকা পরীক্ষার Physics, Chemistry, Mathematics, Biology এই চারটি বিষয়ের প্রস্তুতি Online এ Interface ব্যবস্থার মাধ্যমে চালু করছে।

সংসদের Website এ Physics, Chemistry, Mathematics, Biology বিষয়গুলির চ্যাপ্টার ভিত্তিক নির্বাচিত প্রশ্ন ও কোন পদ্ধতিতে কীভাবে প্রশ্নগুলির সমাধান হচ্ছে তা ব্যাখ্যা সহ তুলে দেওয়া হচ্ছে। ছাত্র ছাত্রীরা সংসদের Website এ এই ৪টি বিষয়ের প্রশ্ন ও কীভাবে এই প্রশ্ন গুলির সমাধান করা যায় তার Method পদ্ধতি জানতে পারবে এবং প্রয়োজনে তারা সরাসরি Website এ তাদের জিজ্ঞাস্য বা Query পাঠাতে পারবে এবং Website এ তার সমাধান দ্রুত জানানো হবে। আগামী ১০ নভেম্বর থেকে ৩১ জানুয়ারী পর্যন্ত এই Inter Face ও Doubt Clearing Learning Session চালু থাকবে। ছাত্র ছাত্রীরা পাঠ গ্রহণ ও অংশ গ্রহণ করতে পারবে। এছাড়াও website এ মতামত প্রস্তাব বা পরামর্শ দেওয়ার জন্য একটি সুযোগ রাখা হচ্ছে।

তবে সংসদের অনুমোদিত বিদ্যায়তন গুলির ছাত্র ছাত্রীরাই একমাত্র এই সুবিধে পাবে এবং তারা Registration No এবং Password এর মাধ্যমে website এ ঢুকতে পারবে। বিনামূল্যে এই ব্যবস্থায় 24 X 7 যেকোন সময় ছাত্র ছাত্রীরা প্রশ্নোত্তর পড়তে ও দেখতে পারবে এবং Query জানাতে পারবে। বাড়িতে বসে

এই Inter Face Learning Session সংসদের প্রাথমিক একটি প্রয়াস মাত্র। পরবর্তী সময়ে প্রয়োজন মতো ও পরিস্থিতি অনুযায়ী এই ব্যবস্থা আরও উন্নত, বিস্তৃত ও সুসংহত করার প্রচেষ্টা থাকবে। সংসদের এই পদক্ষেপ ছাত্র ছাত্রীদের উচ্চমাধ্যমিক তথা উপরিউক্ত বিভিন্ন প্রতিযোগিতা মূলক পরীক্ষার ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য এনে দেবে এইটাই আমাদের একমাত্র প্রত্যাশা।

রাজ্যের ছাত্র ছাত্রীদের জন্য সংসদের এই সং ও শুভ প্রচেষ্টার বিষয়টি ছাত্র ছাত্রীদের অবগত করার জন্য বিদ্যায়তনগুলির প্রধান সহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হচ্ছে।

  
(ডঃ মহুয়া দাস)  
সভাপতি